



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
www.dhakaeducationboard.gov.bd



স্মারক নং- ২৭২৫

তারিখ: ২৪/০২/২০২০

বিষয়: ঢাকা মহানগরীর যাত্রাবাড়ী আইডিয়াল স্কুল এন্ড কলেজ-এর গভর্নিং বডি বাতিল প্রসঙ্গে।

সূত্র ৪ ক. মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এর স্মারক নং ৩৭.০৮.০০০০.৪০১.১৬.০০৫.১৯.৩৪, তারিখ: ১৫/১০/২০১৯
খ. শিক্ষা মন্ত্রণালয়ের পত্রের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭২.৩৯.০১৭.১৭.১৪৭, তারিখ: ০৪/০৯/২০১৯
গ. শিক্ষা মন্ত্রণালয়ের পত্রের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭২.৩৯.০১৭.১৭.১৮৭, তারিখ: ২৭/০৮/২০২০

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে ঢাকা মহানগরীর যাত্রাবাড়ী আইডিয়াল স্কুল এন্ড কলেজ- এ যথাযথ বিধি অনুসরণ না করে, কোন নির্বাচনী আনুষ্ঠানিকতা ছাড়াই নির্বাচনী প্রক্রিয়ার যাবতীয় ভূয়া কাগজপত্র যেমন-নির্বাচন তফসিল, বৈধ প্রার্থী তালিকা, নির্বাচনে বিজয়ী সদস্যদের তালিকা ও নির্বাচিত সদস্যদের ফলাফল বিবরণ ইত্যাদি জালিয়াতির মাধ্যমে তৈরি করে বর্তমান গভর্নিং বডি গঠিত হয়েছে মর্মে অভিযোগ পাওয়া যায়। উক্ত অভিযোগের প্রেক্ষিতে একটি তদন্ত কমিটি গঠন করা হয়। তদন্ত প্রতিবেদনে পরিলক্ষিত হয় যে,

- ১। নির্বাচনী তফসিল ঘোষণা তৈরি এবং প্রচারণায় যথাযথ নিয়ম অনুসৃত হয়নি এবং তড়িঘড়ি করে নির্বাচনী কার্যক্রম সম্পন্ন করেছেন। যেমন- যে তারিখে (১৪-০৩-২০১৯) প্রিজাইডিং অফিসার নিয়োগ দেয়া হয়েছে সেই তারিখেই (১৪-০৩-২০১৯) নির্বাচনের তফসিল ঘোষণা করা হয়েছে।
- ২। চূড়ান্ত ভোটার তালিকা প্রণয়নে ৯৮ জন শিক্ষার্থীর অভিভাবকদের ভোটার হওয়ার যোগ্যতা থাকা সত্ত্বেও তাদের ভোটার তালিকা থেকে বাদ দেয়া হয়েছে।
- ৩। চূড়ান্ত ভোটার তালিকায় ৬৯ জন ভোটারের সন্তানদের নাম, শ্রেণি, রোল, শাখা, কর্তমান ঠিকানা ইত্যাদি কোন না কোনটি ত্রুটিযুক্ত।
- ৪। ভোটার ক্রমিক নম্বরের সিরিয়াল পর্যবেক্ষণে ৪৪টি ভোটার ক্রমিক বাদ পড়ার প্রমাণ মিলেছে।
- ৫। নির্বাচনে অংশগ্রহণকারী বিভিন্ন ক্যাটাগরির ০৯ জন প্রার্থীর প্রত্যেকের মনোনয়নপত্রে একাধিক ত্রুটি পরিলক্ষিত হয়েছে যা বাতিলযোগ্য।
- ৬। ভোটার তালিকায় একই শ্রেণির একই শাখা এবং অভিন্ন রোল নম্বর একাধিকবার ব্যবহার করা হয়েছে যা গ্রহণযোগ্য নয়। যেমন- শিক্ষার্থী সংখ্যা ৩,৭৭৮ জন কিন্তু ভোটারের সংখ্যা ৩,৬৪১ জন।
- ৭। অধ্যয়নরত মোট শিক্ষার্থী সংখ্যা ও মোট ভোটারের সংখ্যা অভিন্ন হওয়ার কথা থাকলেও তদন্তে তা পরিলক্ষিত হয়নি।
- ৮। মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এর গভর্নিং বডির প্রবিধানমালা ২০০৯ এর ফরম-৫ অনুসারে প্রিজাইডিং অফিসার ফলাফল বিবরণী তৈরী ও প্রকাশ করবেন, কিন্তু যাত্রাবাড়ী আইডিয়াল স্কুল এন্ড কলেজের গভর্নিং বডি নির্বাচনে তা অনুসৃত হয়নি।
- ৯। ৩১-০৮-২০১৪ তারিখে প্রতিষ্ঠানটির সর্বশেষ কর্মরত প্রধান শিক্ষক জনাব আবু ইউসুফের চাকুরীর মেয়াদ শেষ হয়। বিধি মোতাবেক নিয়মিত প্রধান শিক্ষক নিয়োগ দেয়ার সুযোগ থাকা সত্ত্বেও গভর্নিং বডি একজন সহকারী শিক্ষককে সহকারী প্রধান শিক্ষক হিসেবে নিয়োগ দিয়েছেন। এছাড়া বোর্ড কর্তৃক ০৫-০৩-২০১৯ তারিখ মোতাবেক যে সকল প্রতিষ্ঠানে ভারপ্রাপ্ত অধ্যক্ষ/প্রধান শিক্ষক দ্বারা পরিচালিত হচ্ছে তা আগামী ০৩ (তিন) মাসের মধ্যে অধ্যক্ষ/প্রধান শিক্ষক নিয়োগ দেয়ার নির্দেশনা দেয়া হয় কিন্তু এ ক্ষেত্রে সে নির্দেশ মানা হয়নি।
- ১০। জনাব মোঃ মনিরুজ্জামান হাওলাদার স্থায়ী প্রতিষ্ঠানে প্রধান শিক্ষক পদে নিয়োগের জন্য আবেদন করলেও বিভাগীয় প্রার্থী হিসেবে কর্তৃপক্ষের অনুমতি না নেওয়ায় তার আবেদন এবং নিয়োগ ত্রুটিপূর্ণ। যেমন- যে তারিখে (১৮.০৮.২০১৯) তিনি নিয়োগের জন্য আবেদন করেন সেই তারিখেই (১৮.০৮.২০১৯) তাকে নিয়োগ দেয়া হয়।

তদন্তে অভিযোগসমূহ তথা বিনা নির্বাচনে অবৈধ গভর্নিং বডি গঠনের সত্যতা প্রমাণিত হওয়ায় তদন্ত কমিটির সুপারিশ এবং সূত্রোক্ত শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক “মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি গঠন সংক্রান্ত প্রবিধানমালা ২০০৯” এর ৩৮ ধারা অনুযায়ী কেন উক্ত গভর্নিং বডি বাতিল করা হবে না তা পত্র ইস্যুর তারিখ থেকে ০৭(সাত) কর্ম দিবসের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে ব্যাখ্যা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বাঃ

প্রফেসর ড. মোঃ হারুন-অর-রশিদ
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।


সভাপতি, গভর্নিং বডি,
যাত্রাবাড়ী আইডিয়াল স্কুল এন্ড কলেজ,
যাত্রাবাড়ী, ঢাকা-১২০৪

মেমো নং- ৩৭২৫ (৫)

তারিখ: ২৪/০৭/২০২০

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো।:

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৩। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৪। পরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত্র, ঢাকা।
- ৫। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।
- ৬। ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক, যাত্রাবাড়ী আইডিয়াল স্কুল এন্ড কলেজ, যাত্রাবাড়ী, ঢাকা-১২০৪।
- ৭। অফিস কপি।



কলেজ পরিদর্শক ২৪.০৭.২০২০

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।

